# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/সাধাঃ/২০২৪/ ৫৯ (৫৫)

তারিখ- ২৬/৯/২৪

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার শহর সমন্বয় কমিটির (TLCC) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, উক্ত কমিটির সভা ২৬/০৯/২০২৪ খ্রিঃ তারিখ-রোজ- বৃহস্পতিবার সকাল-১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচীঃ**

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ।

২। নগর পরিচালন উন্নয়ন প্রকল্প (IUGIP) কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

৩। পৌরসভা বাস্তবায়নাধীন অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ সম্পর্কে আলোচনা ।

৪। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সম্পর্কে আলোচনা।

৫। বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।

৬। বিবিধ।

২৬/৯/২৪

(সরকার মোহাম্মদ রায়হান)
প্রশাসক
ও চেয়ারপার্সন
জয়পুরহাট পৌরসভা ।
শহর সমন্বয় কমিটি TLCC)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

.......................................................

.......................................................

সদস্য, শহর সমন্বয় কমিটি (TLCC)
জয়পুরহাট পৌরসভা।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)

জয়পুরহাট পৌরসভা কার্যালয়, জয়পুরহাট।

# "নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

## জুলাই-সেপ্টেম্বর/২০২৪ কোয়ার্টার।

| সভার স্থান ঃ পৌর মিলনায়তন | সভার তারিখ ঃ ২৬/০৯/২০২৪ খ্রিঃ | সভার সময় ঃ বেলা ১১: ০০ ঘটিকা | সভাপতি ঃ প্রশাসক, জয়পুরহাট পৌরসভা। |
|---|---|---|---|

**সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট -'ক' দ্রষ্টব্য**

| বিগত সভার কার্যবিবরণী পাঠন ও দৃঢ়করন | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জয়পুরহাট পৌরসভার প্রসাশনিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হাশেম | গত ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | কোন সংশোধনী ছাড়াই দৃঢ়করণ করা হলো | সভায় আলোচনাক্রমে গত২৭/০৬/২০২৪খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২ | নগর প্ররিচালন উন্নয়ন প্রকল্প (IUGIP) কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | মোঃ হাসানুজ্জামান, পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ), জয়পুরহাট পৌরসভা জানান, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর শর্তাবলী অনুযায়ী নগর পরিচালন ব্যবস্থার উন্নয়নের জন্য ৯টি গুরুত্বপূর্ণ ক্ষেত্রের আওতায় ২৮টি কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে TLCC ও WC, স্থায়ী কমিটিসহ অন্যান্য কমিটি সভা আয়োজন চলমান রয়েছে। O&M,MMT GESIAP, PRAP, বর্জ্য সংগ্রহ ও অপসারন, ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন, সড়কবাতি কার্যকর রাখা এবং স্যানেটেশন ব্যবস্থাপনার জন্য রাজস্ব বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দ অনুযায়ী প্রতিটি ক্ষেত্রের অলাদা আলাদা ত্রৈমাসিক ভিত্তিকে বার্ষিক কর্ম পরিকল্পনা প্রস্তত করা হয়েছে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী ব্যয় অন্তে বাস্তবায়ন কাজ চলমান। এছাড়া বকেয়া ও চলতিসহ মোট পৌরকর আদায় দাবীর কমপক্ষে ৭০% এবং পরোক্ষ কর চলতি ও বকেয়া সহ মোট দাবীর কমপক্ষে ৯০% আদায়ের প্রকল্পের যে নির্দেশনা আছে তা অর্জন করা সম্ভব হবে। | ওয়ার্ড কমিটি WC সহ অন্যান্য কমিটির গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ TLCC সভায় স্ব স্ব কমিটির সভাপতি/সদস্য সচিব উপস্থাপন করবেন এবং ২৮টি কার্যক্রমের অগ্রগতির তথ্যাদি যথাসময়ে প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত গৃহিত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/হিসাব রক্ষণ কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩ | পৌরসভার বাস্তবায়নাধীন অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ সম্পর্কে আলোচনা | সভাপতি জয়পুরহাট পৌরসভায় বাস্তবায়নাধীন প্রকল্প বিষয়ে সভায় উপস্থাপন করতে বললে, মহোদয়ের অনুমতিক্রমে সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) সভায় জানান যে, বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ১২টি প্যাকেজের প্রাক্কলন অনুমোদিত হয়, যাহার প্রাক্কলিত মূল্য ১১,১২,৯৮,২৬৬/- (এগার কোটি বারো লক্ষ আটানব্বই হাজার দুইশত ছেষট্টি) টাকা। উক্ত অনুমোদিত প্রকল্পের আলোকে ইজিপি পদ্ধতিতে ১২ টি প্যাকেজের দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্র আহবানের আলোকে মূল্যায়ন সম্পন্ন করে প্রকল্প অফিসে প্রেরন করা হয়। প্রকল্প অফিস যাচাই বাছাই অন্তে ১২ টি প্যাকেজের মধ্যে ১১ টি প্যাকেজের দরপত্র অনুমোদন পূর্বক (NOA) প্রদানের নির্দেশ দেন, অপর ১টি প্যাকেজ পুনঃদরপত্র আহবানের নির্দেশ প্রদান করেছেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ১২টি প্যাকেজের প্রকল্পের মধ্যে ১১টি প্যাকেজ অনুমোদিত হয় এবং বাকী ১টি প্যাকেজের পুনঃদরপত্র আহবানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) কে নির্দেশ দেওয়া হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪ | ডেঙ্গসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সম্পর্কে আলোচনা। | সভাপতি মহোদয় সভায় জানান যে, ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রনে জয়পুরহাট পৌরসভা (লার্ভিসাইড ও এডাল্টিসাইট) ঔষধ এর মাধ্যমে মশার প্রজনন কেন্দ্র চিহ্নিতকরন ও বিনিষ্ট করন এর পাশাপাশি জনসচেতনতা মূলক কার্যক্রম যেমন লিফলেট বিতরন, মাইকিং, সভা সমাবেশ, স্কুলের শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরনসহ প্রভৃতি বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো। | ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রনে চলমান কার্যক্রম সচল রাখা এবং প্রয়োজনবোধে জোরদার করনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/স্যানেটারী ইন্সপেক্টর/কঞ্জারভেন্সী ইন্সপেক্টর | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫ | বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্রাফিসের সহকারী প্রকৌশলী (সিভিল) (ভাঃ) সভায় জানান যে, সেপটিকট্যাংক বা পিট থেকে পয়বর্জ্য খালি করে এফএসটিপি এ অপসারন করা হয়। অন্যদিকে বাসাবাড়ি হাট-বাজার, রাস্তা ঘাট কঠিন বর্জ্যগুলি থ্রি ইইলার, ভ্যানগাড়ি, ঠেলাগাড়ির মাধ্যমে নিয়মিত সংগ্রহ করে সেকেন্ডারি ষ্টেশনে জমা করে সেখান থেকে ট্রাকে করে ল্যান্ডফিল্ডে অপসারন করা হয়। কড়ই কাদিপুর স্যানেটারী ল্যান্ডফিল্ডে ময়লা আবর্জনা পচনশীল ও অপচনশীল আলাদা করে ফেলতে হবে। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ০১/১০/২০২৪ইং তারিখ হতে প্রাথমিক ভাবে ৩০০ বাড়ির ময়লা আবর্জনা নতুনহাট সেকেন্ডারী ষ্টেশনে আলাদা করে শুধুমাত্র পচনশীল ময়লাটুকু কড়ইকাদিপুর স্যানেটারী ল্যান্ডফিল্ডে ফেলা হয়। প্রকাশ থাকে যে, ময়লা আবর্জনা পৃথকীকরনের কাজটি অত্যান্ত ব্যয়বহুল, একারনে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমটি বে-সরকারি সংস্থা/এনজিও কে প্রদান করলে পৌরসভা আর্থিকভাবে লাভবান হবে এবং সেবার মান উন্নত হবে। | আদর্শ বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য বেসরকারী অংশীদারিত্বের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/ সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) | |

আলোচ্যসূচীঃ ৬। বিবিধ।

১। জয়পুরহাট পৌরসভার প্রশাসক মহোদয় আশাবাদ ব্যক্ত করেন আগামী অক্টোম্বর/২৪ মাস এর মধ্যে বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প কাজের টেন্ডার সম্পন্ন হবে। টিএলসিসি সদস্যদের নিয়মিত পৌরসভা কর্তৃক উন্নয়ন মূলক কার্যক্রম তদারকির জন্য অনুরোধ জানান।

২। মোজাহার আলী পৌরসভার কাজকর্মে সন্তোষ্টি প্রকাশ করেন। বাটার মোড় থেকে মাড়োয়ারী পট্রি থেকে মসজিদ রোড ও, বামনপুর পর্যন্ত রাস্তা দ্রুত নির্মাণ/সংস্কার করার জন্য অনুরোধ জানান।

৩। আরিফুল ইসলাম এনজিও প্রতিনিধি বলেন, মাদ্রাসা পাড়ার এসো এনজিও সামনে থেকে ট্রান্সমিটার পর্যন্ত রাস্তা সংস্কারের জন্য অনুরোধ জানান এবং জামান মডেল স্কুলের সামনে জমে থাকা ময়লার স্তুপ অপসারনের কথা বলেন।

৪। এম এ করিম বলেন, পাটার পাড়া, বাবু পাড়া এবং বৈরাগী মোড় হতে নতুন হাট পর্যন্ত রাস্তার কাজ বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। প্রশাসক মহোদয় বলেন, পৌরসভার রাজস্ব খাত থেকে এ মুহূর্তে উন্নয়ন কাজ করা সম্ভব হয়। পরবর্তীতে বরাদ্দ সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

৫। আব্দুল আলীম পেশাজীবী সদস্য বলেন, ছোট রাস্তা ও ড্রেন নির্মাণের জন্য যেসব কাজের টেন্ডার করা হয়েছে তা টিএলসিসি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৬। খ, ম, আব্দুর রহমান রনি, জয়পুরহাট শহরে মাড়োয়ারী পট্রি থেকে গোরস্থান রোড এবং ধানমন্ডি রাস্তার কাজ দ্রুত নির্মাণের জন্য অনুরোধ জানান। পৌরসভার আয়-ব্যয় বিবরণীতে ৮ লক্ষাধীক টাকা উ... করা হলে পরবর্তীতে পৌরসভার হিসাব শাখায় খরচের বিল ভাউচার পর্যালোচনা করে দেখা যায় তথ্যটি সঠিক নয়। প্রকৃত পক্ষে অনেকগুলি বিষয়ে বকেয়া বিল একত্রিকরণ করে আপ্যায়নে দেখানো হয়েছে। ইহা একটি তথ্যগত ভুল ছিল। পরবর্তীতে প্রশাসক মহোদয় এ রকম ভুল তথ্য প্রকাশ না করার জন্য সকলের সহযোগীয়তা কামনা করেন।

৭। রোকেয়া খাতুন ০৫ নং ওয়ার্ডের কিনাপাড়া আফজাল এর বাড়ির সামনে থেকে ইসমাইল এর বাড়ির পিছনে ড্রেনটি নিয়মিত পরিষ্কার করার জন্য অনুরোধ জানান।

৮। মোছাঃ আশা আক্তার বলেন,ফোরলেন রাস্তার দুই পার্শ্বে ড্রেনের উঁচু -নিচু স্থান এবং স্লাবের মাঝে ফাকা থাকায় বালিকা বয়েজ স্কুলের ছাত্রছাত্রীদের চলাচলের অসুবিধা সহ দুর্ঘটনা সম্ভবনা রয়েছে। এ বিষয়ে দেখার জন্য পৌরসভা কে অনুরোধ জানান।

প্রশাসক, জয়পুরহাট পৌরসভা উপস্থিত সদস্যদের আলোচনা মনোযোগ সহকারে শোনেন এবং উল্লেখিত সদস্যদের সমস্যাগুলি পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস প্রদান করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১/১/২৪

প্রশাসক
ও
সভাপতি, TLCC
জয়পুরহাট পৌরসভা

তারিখঃ-

স্মারক নং- জঃপৌঃসঃ/সাধা/২০২৪/

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP),এলজিইডি ভবন, লেভেল-১২,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। জনাব/বেগম.......................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), জয়পুরহাট পৌরসভা।
৪। অফিস নথি।

২১/০১/২৪

পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)
জয়পুরহাট পৌরসভা।

৬

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

জয়পুরহাট।

## শহর সমন্বয় কমিটি (TLCC) সভার উপস্থিতির স্বাক্ষরঃ

চেয়ারপার্সন ঃ সরকার মোহাম্মদ রায়হান, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২৬/০৯/২০২৪ইং
রোজ ঃ বৃহস্পতিবার
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

**সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষরঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | ফোন/মোবাইল নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | সরকার মোহাম্মদ রায়হান | প্রশাসক | 01795-458784 | [signature] |
| ২ | খোন্দকার মাসুদুল ফেরদৌস | প্যানেল মেয়র | 0172584193 87 | [signature] 26/09/24 |
| ৩ | মো: আহম্মদ আলী খোন্দকার | উপ-বিভাগীয় প্রকৌশলী | 01712851263 | [signature] 26-09-24 |
| ৪ | " [illegible] হোসেন | প্রতিনিধি নি: প্র: PWD মুক্তিযোদ্ধা [illegible] প্রতিনিধি | | [signature] 26.09.2024 |
| ৫ | " মো: মোজাম্মেল আলী | সদস্য পেশাজীবি প্রতিনিধি | 01726[illegible] 01772-[illegible]02 | [signature] 26/09/24 |
| ৬ | মো: আ: কাইয়ুম | নাগরিক সমাজ প্রতিনিধি | 01712-[illegible] | [signature] 26/09/24 |
| ৭ | মো: আব্দুল হালিম সরকার | পেশাজীবি সংস্থা | 01728[illegible] | [signature] 26/09/24 |
| ৮ | [illegible] | TLCC সদস্য | 01747-135868 | [signature] |
| ৯ | মো: আমিনুল এহসান | NGO প্রতিনিধি (ASO) | 01717636059 | [signature] |
| ১০ | আরিফুল ইসলাম | JRDM | 01722-490881 | [signature] |
| ১১ | [illegible] | | 01722-[illegible]99 | [signature] |
| ১২ | আদুরি | সদস্য | 0199[illegible]806 | [signature] |
| ১৩ | মোছা: আরজু আরা | সদস্য | 0172[illegible] | [signature] |
| ১৪ | মঞ্জুয়া দাস | সদস্য | 01730692[illegible] | [signature] |
| ১৫ | রোকিয়া সুলতানা | সদস্য | 0171[illegible] | [signature] |